

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৫০০ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ পুণ্যের পথ অনেক

আরবী

وعَنهُ قَالَ: أَرَادَ بَنُو سَلِمَةَ أَن يَنتَقِلُوا قُربَ المَسجِدِ فَبَلَغَ ذَلِكَ رَسُولَ الله عَلَيْ فَقَالَ لهم إِنَّهُ قَدْ بَلَغَني أَنَّكُمْ تُرِيدُونَ أَنْ تَنتَقِلُوا قُربَ المَسجِد ؟ فقَالُواْ : نَعَمْ يَا رَسُولَ اللهِ قَدْ أَرَدْنَا ذَلِكَ فَقَالُ بَنِي سَلِمَةَ دِيَارَكُمْ تُكْتَبْ آثَارُكُمْ ديَارَكُمْ تُكْتَبْ آثَارُكُمْ رواه مسلم وفي روايةٍ إِنَّ بِكُلِّ خَطوَةٍ دَرَجَةً رواه مسلم رواه البخاري أيضاً بِمَعَناه مِنْ رواية أنس

বাংলা

(৫০০) উক্ত জাবের (রাঃ) হতেই বর্ণিত যে, বনু সালেমাহ মসজিদের নিকট স্থান পরিবর্তন করার ইচ্ছা করল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এই সংবাদ পৌঁছল। সুতরাং তিনি তাদেরকে বললেন, আমি খবর পেয়েছি যে, তোমরা স্থান পরিবর্তন করে মসজিদের নিকট আসার ইচ্ছা করছ? তারা বলল, 'হ্যাঁ, হে আল্লাহর রসূল! আমরা এর ইচ্ছা করেছি। তিনি বললেন, হে বনু সালেমাহ! তোমরা তোমাদের (বর্তমান) গৃহেই থাকো; তোমাদের পদচিহ্নসমূহ লেখা হবে। তোমরা আপন গৃহেই থাকো; তোমাদের পদচিহ্নসমূহ লেখা হবে। (মুসলিম ১৫৫১)

অন্য এক বর্ণনায় আছে, নিশ্চয় তোমাদের প্রত্যেক পদক্ষেপের বিনিময়ে একটি মর্যাদা বৃদ্ধি হবে। (মুসলিম ১৫৫০) ইমাম বুখারী (রহঃ)ও ঐ মর্মে আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। (বুখারী ৬৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন